

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০২৩

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রান্ত)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - মুসাফিরের সওম

بَابُ صَوْم الْمُسَافِرِ

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: خَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ الْمَدِينَةِ إِلَى مَكَّةَ فَصَامَ حَتَّى بَلَغَ عُسْفَانَ ثُمَّ دَعَا بِمَاءٍ فَرَفَعَهُ إِلَى يَدِهِ لِيَرَاهُ النَّاسُ فَأَفْطَرَ حَتَّى قَدِمَ مَكَّةَ وَصَامَ حَتَّى بَلَغَ عُسْفَانَ ثُمَّ دَعَا بِمَاءٍ فَرَفَعَهُ إِلَى يَدِهِ لِيَرَاهُ النَّاسُ فَأَفْطَرَ حَتَّى قَدِمَ مَكَّةَ وَسَلَّمَ وَمَنَانَ. فَكَانَ ابْنُ عَبَّاسٍ يَقُولُ: قَدْ صَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَن شَاءَ أَفطر

বাংলা

২০২৩-[৫] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, (মক্কা বিজয়ের বছর) রসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম মদীনাহ্ হতে মক্কার দিকে রওনা হলেন। (এ সফরে) তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) সওম রেখেছেন। তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) যখন (মক্কা হতে দু' মঞ্জীল দূরে) 'উসফান'-এ (নামক ঐতিহাসিক স্থানে) পৌঁছলেন তখন পানি চেয়ে আনালেন। এরপর তা হাতে ধরে অনেক উঁচুতে উঠালেন। যাতে লোকেরা পানি দেখতে পায়। এরপর তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) সওম ভাঙলেন। এভাবে তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) মক্কায় পৌঁছলেন। এ সফর হয়েছিল রমাযান (রমজান) মাসে। ইবনু 'আব্বাস বলতেন, রসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম সফরে সওম রেখেছেন, আবার ভেঙেছেন। অতএব যার খুশী সওম রাখবে (যদি কন্ট না হয়)। আর যার ইচ্ছা রাখবে না। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৯৪৮, মুসলিম ১১১৩, আবূ দাউদ ২৪০৪, নাসায়ী ২৩১৪, আহমাদ ২৬৫২, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮১৬০, ইবনু হিবান ৩৫৬৬।

ব্যাখ্যা



ব্যাখ্যা: 'আল্লামা 'ইয়ায (রহঃ) বলেন, 'উসফান একটি গ্রাম, যার দূরত্ব মক্কা হতে ৩৩ মাইলেরও বেশি। 'আল্লামা নাবাবী (রহঃ) তা উল্লেখ করার পর বলেন, মক্কা থেকে তার দূরত্ব ৪ বুর্দ পরিমাণ, আর প্রত্যেক বুর্দ সমান পাঁচ ফারসাখ। আর প্রতি ফারসাখ সমান তিন মাইল, সেই হিসাবে চার বুর্দ হলো ৪৮ মাইল এবং এটাই সঠিক বলে মত দিয়েছেন জমহূর 'উলামাগণ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন